

## ■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নামারঃ ২৫৪ [আন্তর্জাতিক নামারঃ ১৩৮]

১/ কিতাবুল সৈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ৬০. মিথ্যা কসমের মাধ্যমে কোন মুসলিমের হক তসরুপকারীর (বিনষ্টকারী) প্রতি জাহানামের হুমকি

بَابُ وَعِيدٍ مَنِ اقْتَطَعَ حَقًّا مُسْلِمٍ بِيَمِينٍ فَاجْرَةٌ بِالنَّارِ

আরবী

وَحَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا أَبْنُ نُعَيْرٍ، حَدَّثَنَا أَبُو مُعاوِيَةَ،  
وَوَكِيعٌ، حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ، - وَاللَّفْظُ لَهُ - أَخْبَرَنَا وَكِيعٌ، حَدَّثَنَا  
الْأَعْمَشُ، عَنْ أَبِي وَائِلٍ، عَنْ عَبْدِ اللَّهِ، عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ "مَنْ  
حَلَفَ عَلَى يَمِينٍ صَبَرٌ يَقْتَطِعُ بِهَا مَا لَمْ يُمْرِئِ مُسْلِمٌ هُوَ فِيهَا فَاجْرٌ لِقِيَ اللَّهِ وَهُوَ عَلَيْهِ  
غَضْبٌ". قَالَ فَدَخَلَ الْأَشْعَثُ بْنُ قَيْسٍ فَقَالَ مَا يُحَدِّثُكُمْ أَبُو عَبْدِ الرَّحْمَنِ قَالُوا كَذَا  
وَكَذَا . قَالَ صَدَقَ أَبُو عَبْدِ الرَّحْمَنِ فِي نَزَلَتْ كَانَ بَيْنِي وَبَيْنَ رَجُلٍ أَرْضٌ بِالْيَمِينِ  
فَخَاصَّمْتُهُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ "هَلْ لَكَ بَيْنَةٌ". فَقُلْتُ لَا . قَالَ "فَيَمِينُهُ  
" . قُلْتُ إِذَا يَحْلِفُ . فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عِنْدَ ذَلِكَ "مَنْ حَلَفَ عَلَى  
يَمِينٍ صَبَرٌ يَقْتَطِعُ بِهَا مَا لَمْ يُمْرِئِ مُسْلِمٌ هُوَ فِيهَا فَاجْرٌ لِقِيَ اللَّهِ وَهُوَ عَلَيْهِ غَضْبٌ".  
فَنَزَلَتْ (إِنَّ الَّذِينَ يَشْتَرُونَ بِعَهْدِ اللَّهِ وَأَيْمَانِهِمْ ثُمَّنَا قَلِيلًا) إِلَى آخرِ الآيَةِ .

বাংলা

২৫৪। আবু বকর ইবনু আবু শায়বা, ইবনু নুমায়র এবং ইসহাক ইবনু ইবরাহীম আল হানযালী (রহঃ) ...

আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণনা করেছেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ যে ব্যক্তি তার উপর অর্পিত চুড়ান্ত কসমের মাধ্যমে কোন মুসলিমের সম্পদ গ্রাস করে অথচ সে মিথ্যাবাদী, এমন অবস্থায় আল্লাহর সাথে তার সাক্ষাৎ ঘটবে যে, তিনি তার প্রতি ক্রোধাপ্তি থাকবেন। রাবী বলেন, আশ'আস ইবনু কায়স সেখানে প্রবেশ করলেন এবং জিজেস করলেন, আবু আবদুর রহমান (আবদুল্লাহ) তোমাদেরকে কি বর্ণনা করলেন? তদুত্তরে সকলে উক্ত হাদীসটির কথা বললেন। তিনি বললেন, আবু আবদুর রহমান সত্যই বর্ণনা করেছেন, ঘটনাটি আমাকে কেন্দ্র করেই ঘটেছিল।

ব্যাপার হলো, ইয়ামনে জনৈক ব্যক্তির সাথে আমারও এক খন্দ ভূমি ছিল। এর মীমাংসা করার নিমিত্ত আমরা

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খেদমতে উপস্থিত হই। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে জিজ্ঞেস করলেন, তোমার দাবির স্বপক্ষে তোমার কাছে কোন প্রমাণ আছে কি? আমি বললাম, না। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তা হলে বিবাদীর কসম লওয়া হবে। আমি বললাম, এ ব্যাক্তি তো কসম করবেই। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যে ব্যাক্তি তার উপর অর্পিত চুড়ান্ত কসমের মাধ্যমে কোন মুসলিমের সম্পদ গ্রাস করে অথচ সে মিথ্যাবাদী, আল্লাহর সাথে এমন অবস্থায় তার সাক্ষাৎ ঘটবে যে, আল্লাহ তার প্রতি ক্রোধান্তিত থাকবেন।

এরপর এই আয়াত নাযিল হয়ঃ “যারা আল্লাহর সাথে কৃত প্রতিশ্রুতি এবং নিজেদের শপথকে তুচ্ছ মূল্যে বিক্রি করে, পরকালে তাদের কোন অংশ নেই। কিয়ামত দিবসে আল্লাহ তাদের সাথে কথা বলবেন না, তাদের দিকে তাকাবেন না এবং তাদেরকে পরিশুল্প করবেন না; তাদের জন্য রয়েছে মর্মন্তদ শাস্তি।” (৩০: ৭৭)

## English

It is narrated on the authority of Abdullah that the Messenger of Allah (ﷺ) observed:

He who perjured with a view to appropriating the property of a Muslim, and he is in fact a liar and would meet Allah in a state that He would be angry with him. He (the narrator) said: There came Ash'ath b. Qais and said (to the people): What does Abu Abdur-Rahman (the Kunya of Abdullah b. Umar) narrate to you? They replied: So and so. Upon this he remarked: Abu Abdur-Rahman told the truth. This (command) has been revealed in my case. There was a piece of land in Yemen over which I and another person had a claim. I brought the dispute with him to the Messenger of Allah (to decide) He (the Holy Prophet) said: Can you produce an evidence (in your support)? I said: No. He (the Holy Prophet) observed: (Then the decision would be made) on his oath. I said: He would readily take an oath. Upon this the Messenger of Allah (ﷺ) remarked: He who perjured for appropriating the wealth of a Muslim, whereas he is a liar, would meet Allah while He would be angry with him. This verse was then revealed: "Verily those who barter Allah's covenant and their oaths at a small price..." (iii 77).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=8045>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন